



পল্লী সঞ্চয় ব্যাংক

প্রধান কার্যালয়

রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল-৮, ৯,১০)

৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা-১০০০।

[www.pallisanchaybank.gov.bd](http://www.pallisanchaybank.gov.bd)

স্মারক নং-পসব্য/প্রকা/আইটি-২৭/২০২৩-২৪/ ১২৬৬৬

তারিখঃ ১৭/১০/২০২৩খ্রি.

জেলা (আঞ্চলিক) কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (সকল)

নিরীক্ষা দল নেতা

শাখা ব্যবস্থাপক(সকল)

পল্লী সঞ্চয় ব্যাংক।

**বিষয়ঃ পল্লী সঞ্চয় ব্যাংকের কর্মকর্তা/কর্মচারীদের মোবাইল সার্বক্ষণিক চাল রাখা প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে ব্যাংকের প্রধান কার্যালয়ের ০২/০৩/২০২৩, ০৪/০৪/২০২৩ এবং ২০/০৯/২০২৩ তারিখের যথাক্রমে পসব্য/প্রকা/প্রশা-১৩৮/২০২২-২৩/১১০৬২, ১২১৭৮, ১৩৩৮ নম্বর স্মারকের প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। ব্যাংকের পরিচালনা বোর্ডের ০৩/০৯/২০২৩ এবং ২৭/০৯/২০২৩ তারিখে অনুষ্ঠিত যথাক্রমে ৯৬ ও ৯৭ তম বোর্ড সভার সিদ্ধান্ত মোতাবেক ব্যাংকে কর্মরত সকল জুনিয়র অফিসার (মাঠ), কম্পিউটার অপারেটর, মাঠ সহকারী, ক্যাশ সহকারী প্রতি মাসে মোবাইল বিল বাবদ মাসিক ৩০০/ (তিনশত) টাকা প্রাপ্য হবেন।

০৩। ব্যাংকের যেসকল কর্মকর্তা/কর্মচারী কর্পোরেট সিম (SIM) ব্যবহার করেন অথবা প্রতিমাসে মোবাইল বিল গ্রহন করেন সেই সকল কর্মকর্তা/কর্মচারীকে সার্বক্ষণিকভাবে সিম খোলা রাখতে হবে। কোনো কর্মকর্তা/কর্মচারীর সিম (SIM) বন্ধ পাওয়া গেলে তার মোবাইলে আর কোন রিচার্জ করা হবে না। যেই সকল কর্মকর্তা/কর্মচারী পদত্যাগ করে ব্যাংক থেকে চলে যাবেন অথবা চাকুরী থেকে বরখাস্ত হবেন তাদের সিম (SIM) বন্ধ করার জন্য জেলা নিয়ন্ত্রনকারী কর্মকর্তাকে এবং প্রধান কার্যালয় বরাবর পত্র প্রেরনসহ আইটি অপারেশন বিভাগকে ফোনের মাধ্যমে অবহিত করতে হবে।

০৪। যেই সকল ক্যাশ সহকারী এখন পর্যন্ত কর্পোরেট সিম পাননি, তারা মাসিক ৩০০ (তিনশত) টাকা নিজ দপ্তর থেকে অক্টোবর/২৩ – ডিসেম্বর/২৩ পর্যন্ত বিল ভাউচারের মাধ্যমে টাকা তুলে নিতে পারবেন। তাদেরকে জানুয়ারী/২০২৪ হতে অফিসিয়াল সিম (SIM) প্রদান করা হবে।

০৫। যেহেতু সকল সিম পোস্ট-পেইড থেকে প্রি-পেইডে পরিবর্তন করা হয়েছে সেহেতু প্রতি মাসেই তাদের সিমের অটোমেটিক্যালী ৩০০ টাকা রিচার্জ হয়ে যাবে।

(শেখ মোঃ জামিনুর রহমান)

ব্যবস্থাপনা পরিচালক

**অনুলিপি:**

- ১। স্টাফ অফিসার টু উপ-ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক।
- ২। স্টাফ অফিসার টু মহাব্যবস্থাপক (সকল), পল্লী সঞ্চয় ব্যাংক।
- ৩। বিভাগীয় প্রধান (সকল), পল্লী সঞ্চয় ব্যাংক।
- ৪। সকল কর্মকর্তা/কর্মচারী), পল্লী সঞ্চয় ব্যাংক।
- ৫। অফিস নথি।